ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৯৭০

আগরতলা, ২১ আগস্ট,২০২৪

**আগরতলায় বন্যা কবলিত**
**এলাকা ও ত্রাণ শিবির পরিদর্শনে মুখ্যমন্ত্রী**

মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ বিকেলে আগরতলার বন্যা কবলিত বিভিন্ন এলাকা সহ বিভিন্ন ত্রান শিবির পরিদর্শন করেন। প্রথমেই তিনি ইন্দ্রনগরস্থিত ইন্টিগ্রেটেড কমান্ড এন্ড কন্ট্রোল সেন্টারে যান। সেখানে আগরতলা স্মার্ট সিটি'র কমিশনার শৈলেশ কুমার যাদব আগরতলার বন্যা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত তথ্য মুখ্যমন্ত্রীর কাছে তুলে ধরেন। এরপর মুখ্যমন্ত্রী ধলেশ্বরস্থিত স্বামী দয়ালানন্দ বিদ্যানিকেতন স্কুল, রামঠাকুর বালিকা বিদ্যালয়, বড়দোয়ালীর বিবেকানন্দ বিদ্যামন্দির হাই স্কুলের ত্রান শিবির এবং চন্দ্রপুর বলদাখাল এলাকা পরিদর্শন করেন। মুখ্যমন্ত্রী ত্রাণ শিবিরে বন্যা দুর্গত মানুষদের সাথে কথা বলেন। ত্রান শিবিরে বন্যা দুর্গত মানুষের যাতে কোনও ধরণের অসুবিধা না হয় সেদিকেও নজর রাখতে তিনি আধিকারিকদের নির্দেশ দেন। পরিদর্শনকালে মুখ্যমন্ত্রীর সাথে উপস্থিত ছিলেন সমাজসেবী রাজীব ভট্টাচার্য্য সহ সংশ্লিষ্ট এলাকার বাসিন্দাগণ। বন্য কবলিত এলাকা পরিদর্শনের সময় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা সাংবাদিকদের জানান, এই ভারী বর্ষণ ত্রিপুরার জন্য এক বিপর্যয়। এর থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। রাজ্য সরকার এই বিপর্যয় থেকে বেরিয়ে আসতে দিনরাত কাজ করে চলছে। রাজ্য সরকারের সরকারি সমস্ত দপ্তরের কর্মীগণ এবং রাজ্যের মানুষ এই পরিস্থিতির মোকাবিলায় অক্লান্ত কাজ চালিয়ে যাচ্ছে।

******